

আইন-শুজলা কমিটির সভা রংপুর মেডিকলে ছাত্র সংঘর্ষের জন্য দায়ী কর্তৃপক্ষের উদাসীনতা

রংপুর জেলা সবেদনামাতা ঃ রংপুর মেডিকেল কলেজে দুই ছাত্র সংগঠনের মধ্যে সৃষ্ট সংঘর্ষকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতির জন্য কলেজ কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলা, অদক্ষতা ও উদাসীনতাকেই দায়ী করা হয়েছে। এছাড়া সরকারবিরোধী চিহ্নিত একটি মহলের ইশারায় উদ্ভূত পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে অভিমত ব্যক্ত করা হয়।

গত (মঙ্গলবার) জেলার দারিদ্রপ্রাণ মন্ত্রী গুহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আলমগীর ভবির এমপি'র উপস্থিতিতে জেলার আইন-শুজলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় পুলিশ প্রশাসনসহ বিভিন্ন বক্তৃতা এই অভিমত ব্যক্ত করেন। সভায় জানানো হয়, ঐতিহ্যবাহী রংপুর মেডিকেল কলেজসহ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে অশান্ত করে সরকারের জাবমুক্তি ফুগু করতে একটি চিহ্নিত মহল যত্নসহ চালিয়ে যাচ্ছে। সভায় পুলিশ প্রশাসনের পক্ষ থেকে আরো জানানো হয়, মেডিকেল কলেজের ঐ দুই ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের মধ্যে ঘন-সংঘাত চলাকালে কলেজ কর্তৃপক্ষ সৃষ্ট কোন পদক্ষেপ না নিয়ে দফায় দফায় একাডেমিক কাউন্সিলের সভা আহ্বানের নামে কালক্ষেপণ করেছেন। জেলার দারিদ্রপ্রাণ মন্ত্রী গুহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আলমগীর ভবির এমপি এবং সভার সভাপতি ডারগাও জেলা প্রশাসক নজরুল ইসলাম উদ্ভূত পরিস্থিতিতে তাদের সাথে যোগাযোগ না করার জন্য কলেজ কর্তৃপক্ষের প্রতি ক্ষেপ্ত প্রকাশ করেন। সভায় অনতিবিলম্বে মেডিকেল কলেজসহ হাসপাতালের সকল কার্যক্রম চালু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, কাদের উচ্চানিতে উদ্ভূত পরিস্থিতির সৃষ্টি হয় তা উদ্ভূত করার জন্য প্রয়োজনে উচ্চ পর্যায়ের তদন্ত টিম গঠনের সিদ্ধান্ত হয়।